গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
প্রশাসন-৩ অধিশাখা
www.mofl.gov.bd

স্মারক নম্বর: ৩৩.০০.০০০০.১০৯.০৬.০২২.২০.৪৮

তারিখ: ১৩ বৈশাখ ১৪২৮
২৬ এপ্রিল ২০২১

বিষয়: **২০২১-২২ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা প্রণয়ন।**

সূত্র: ০৪.০০.০০০০.৮২২.২১.০০১.২১.৯১ ১৩ এপ্রিল ২০২১

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রতি দৃষ্টি আকর্ষণপূর্বক মন্ত্রিপরিষদ বিভাগ প্রেরিত পত্র এবং সংযুক্তিসমূহ এ সাথে প্রেরণ করা হলো। মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুসরণপূর্বক মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের অধীন সকল দপ্তর ও অধস্তন কার্যালয়সমূহের জন্য ২০২১-২২ সালের শুদ্ধাচার কর্মপরিকল্পনা প্রস্তুত করতঃ যথাযথ কর্তৃপক্ষ বরাবর দাখিলের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২৬-৪-২০২১
সুব্রত ভৌমিক
উপসচিব
ফোন: ৯৫৪০৪০৭
ইমেইল: administration-3@mofl.gov.bd

বিতরণ :
১) চেয়ারম্যান, বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশন
২) মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর
৩) মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর
৪) উপপরিচালক, মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তর
৫) মহাপরিচালক, বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট
৬) মহাপরিচালক, বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট
৭) অধ্যক্ষ, মেরিন ফিশারিজ একাডেমি
৮) রেজিস্ট্রার, বাংলাদেশ ভেটেরিনারী কাউন্সিল

স্মারক নম্বর: ৩৩.০০.০০০০.১০৯.০৬.০২২.২০.৪৮/১(২)

তারিখ: ১৩ বৈশাখ ১৪২৮
২৬ এপ্রিল ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:
১) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
২) ব্যক্তিগত কর্মকর্তা, প্রাণিসম্পদ-২ অনুবিভাগ, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়

২৬-৪-২০২১
সুব্রত ভৌমিক
উপসচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
শুদ্ধাচার শাখা
www.cabinet.gov.bd

নম্বর: ০৪.০০.০০০০.৮২২.২১.০০১.২১.৯১

তারিখ: ৩০ চৈত্র ১৪২৭
১৩ এপ্রিল ২০২১

পরিপত্র

বিষয়: ২০২১-২২ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা প্রণয়ন, বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা জারি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ২০১২ সালে "সোনার বাংলা গড়ার প্রত্যয়: জাতীয় শুদ্ধাচার কৌশল" শিরোনামে জাতীয় শুদ্ধাচার কৌশল প্রণয়ন করেছে। জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের নিমিত্ত মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক মন্ত্রণালয়/বিভাগ/অন্যান্য রাষ্ট্রীয় প্রতিষ্ঠান, আওতাধীন দপ্তর/সংস্থা এবং দপ্তর/সংস্থাসমূহের আওতাধীন আঞ্চলিক/মাঠ পর্যায়ের কার্যালয়সমূহের জন্য জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা প্রণয়ন, বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা, ২০২১-২০২২ শীর্ষক ৩টি পৃথক নির্দেশিকা প্রণয়ন করা হয়েছে (পতাকা-ক, পতাকা-খ, পতাকা-গ)।

২। এ নির্দেশিকাসমূহে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা প্রণয়নের প্রয়োজনীয় নির্দেশনা, অনুসরণীয় পদ্ধতি, মূল্যায়ন পদ্ধতি ও প্রমাণক, গৃহীত কার্যক্রম বাস্তবায়নের সময়সূচি এবং জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনার নির্ধারিত ছক অন্তর্ভুক্ত রয়েছে।

৩। ২০২১-২২ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা প্রণয়ন, বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা অনুযায়ী নিম্নলিখিত কার্যক্রম গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল:

ক) মন্ত্রণালয়/বিভাগ/অন্যান্য রাষ্ট্রীয় প্রতিষ্ঠানের জন্য প্রণীত নির্দেশিকা ও সময়সীমা অনুসরণ করে মন্ত্রণালয়/বিভাগ/অন্যান্য রাষ্ট্রীয় প্রতিষ্ঠানসমূহ ২০২১-২০২২ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা প্রণয়ন করবে;

খ) মন্ত্রণালয়/বিভাগ/অন্যান্য রাষ্ট্রীয় প্রতিষ্ঠানসমূহ আওতাধীন দপ্তর/সংস্থা এবং দপ্তর/সংস্থাসমূহের আওতাধীন আঞ্চলিক/মাঠ পর্যায়ের কার্যালয়সমূহকে সংশ্লিষ্ট নির্দেশিকা ও সময়সীমা অনুসরণ করে ২০২১-২০২২ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা প্রণয়নের নির্দেশনা প্রদান করবে।

সংযুক্তি: বর্ণনামতে।

Sultana
১৩-৪-২০২১

নাহিদ সুলতানা
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৯৫৮৮৫৪৯
ফ্যাক্স: ৯৫১৩৩০২
ইমেইল:
inar_sec@cabinet.gov.bd

১) মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যালয়, অডিট ভবন, কাকরাইল, ঢাকা

২) সিনিয়র সচিব, বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়

৩) সিনিয়র সচিব, প্রতিরক্ষা মন্ত্রণালয়

৪) সিনিয়র সচিব/সচিব (সকল)

৫) প্রিন্সিপাল স্টাফ অফিসার, সশস্ত্র বাহিনী বিভাগ, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা সেনানিবাস, ঢাকা

৬) সচিব, জন বিভাগ

৭) সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়

৮) সচিব , সচিবের দপ্তর, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন

৯) সচিব, সচিব এর দপ্তর , দুর্নীতি দমন কমিশন

১০) সচিব, সিনিয়র সচিব/সচিবের দপ্তর, বাংলাদেশ নির্বাচন কমিশন

১১) মহাপরিচালক, এনজিও বিষয়ক ব্যুরো

১২) মন্ত্রিপরিষদ সচিবের একান্ত সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ

১৩) সচিব সমন্বয় ও সংস্কারের একান্ত সচিব, সচিব, সমন্বয় ও সংস্কার, মন্ত্রিপরিষদ বিভাগ

১৪) সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, মন্ত্রিপরিষদ বিভাগ (মন্ত্রিপরিষদ বিভাগের ওয়েবসাইটে শুদ্ধাচার বক্স ও নোটিশ বোর্ডে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)

১৫) ব্যক্তিগত কর্মকর্তা, সংস্কার অনুবিভাগ, মন্ত্রিপরিষদ বিভাগ

দপ্তর/সংস্থার জাতীয় শুদ্ধাচার কৌশল
কর্মপরিকল্পনা প্রণয়ন, বাস্তবায়ন ও মুল্যায়ন নির্দেশিকা, ২০২১-২২

মন্ত্রিপরিষদ বিভাগ
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

<u>সূচিপত্র</u>

ক্রমিক	বিবরণ	পৃষ্ঠা নম্বর
১	প্রেক্ষাপট	৩
২	জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২১-২২ প্রণয়ন পদ্ধতি	৩
	ক্রমিক ১: প্রাতিষ্ঠানিক ব্যবস্থা	৩
	ক্রমিক ২: আর্থিক ব্যবস্থাপনা উন্নয়ন	৫
	ক্রমিক ৩: শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধে সহায়ক অন্যান্য কার্যক্রম	৬
৩	জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২১-২২ প্রণয়ন ও ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন সংক্রান্ত সময়সূচি	৭
৪	জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২১-২২ দাখিল প্রক্রিয়া	৭
পরিশিষ্ট-'ক'	জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২১-২২ কাঠামো	১-৩

দপ্তর/সংস্থার জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা প্রণয়ন, বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা, ২০২১-২২

১। প্রেক্ষাপট:

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ২০১২ সালে জাতীয় শুদ্ধাচার কৌশল প্রণয়ন করেছে। এ কৌশলের মূল লক্ষ্য হল শুদ্ধাচার চর্চা ও দুর্নীতি প্রতিরোধের মাধ্যমে রাষ্ট্র ও সমাজে সুশাসন প্রতিষ্ঠা করা। সুখী-সমৃদ্ধ সোনার বাংলা গড়ার প্রত্যয়ে প্রণীত কৌশলে শুদ্ধাচারকে নৈতিকতা ও সততা দ্বারা প্রভাবিত আচরণগত উৎকর্ষ এবং কোন সমাজের কালোত্তীর্ণ মানদণ্ড, প্রথা ও নীতির প্রতি আনুগত্য হিসাবে সংজ্ঞায়িত করা হয়েছে। এ কৌশলে রাষ্ট্র ও সমাজে শুদ্ধাচার প্রতিষ্ঠা সরকারের সাংবিধানিক ও আইনগত স্থায়ী দায়িত্ব; সুতরাং সরকারকে অব্যাহতভাবে এই লক্ষ্যে কার্যক্রম পরিচালনা করতে হবে মর্মে উল্লেখ আছে। এরই ধারাবাহিকতায় প্রায় সকল মন্ত্রণালয়/বিভাগ/অন্যান্য রাষ্ট্রীয় প্রতিষ্ঠানসমূহ ১ জানুয়ারি ২০১৫ থেকে ৩০ জুন ২০১৬ মেয়াদের জন্য শুদ্ধাচার কর্মপরিকল্পনা ও বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ কাঠামো প্রণয়ন করে। ২০১৬-২০১৭ অর্থবছরে মন্ত্রণালয়/বিভাগ/সংস্থার পাশাপাশি আওতাধীন দপ্তর/সংস্থা এবং মাঠ পর্যায়ের বিভাগীয়/আঞ্চলিক কার্যালয়সমূহ জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ও বাস্তবায়ন পরিবীক্ষণ কাঠামো প্রণয়ন করে আসছে। ২০১৮-১৯ অর্থবছরে প্রথমবারের মত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনায় সম্পাদিত কাজের বিপরীতে নম্বর প্রদান ও সে আলোকে প্রাথমিকভাবে মূল্যায়ন কার্যক্রম শুরু হয়। এর ধারাবাহিকতায় আগামী ২০২১-২২ অর্থবছরেও জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনায় সম্পাদিত কাজের বিপরীতে নম্বর প্রদান ও সে আলোকে মূল্যায়নের ব্যবস্থা রয়েছে।

সকল দপ্তর/সংস্থা মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রণীত এ নির্দেশিকা অনুসরণপূর্বক স্ব স্ব কার্যালয়ের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা প্রণয়ন, বাস্তবায়ন করবে এবং আওতাধীন আঞ্চলিক ও মাঠ পর্যায়ের কার্যালয়সমূহের জন্য জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা প্রণয়ন, বাস্তবায়ন ও মূল্যায়নের নির্দেশনা ও প্রয়োজনীয় সহায়তা প্রদান করবে। দপ্তর/সংস্থাসমূহ এই নির্দেশিকা অনুসরণ করে কর্মপরিকল্পনায় অন্তর্ভুক্ত কার্যক্রমসমূহ বাস্তবায়ন শেষে মূল্যায়ন করবে।

২। জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা, ২০২১-২২

জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনায় প্রাতিষ্ঠানিক ব্যবস্থা, **আর্থিক ব্যবস্থাপনা উন্নয়ন** এবং **শুদ্ধাচার সংশ্লিষ্ট ও দুর্নীতি প্রতিরোধে সহায়ক অন্যান্য কার্যক্রম** এই ৩ (তিন) টি ক্ষেত্রে কার্যক্রম নির্ধারণ করা হয়েছে:

ক্রমিক ১: প্রাতিষ্ঠানিক ব্যবস্থা

১.১ নৈতিকতা কমিটির সভা

নৈতিকতা কমিটির কার্যপরিধির আলোকে সভার আলোচ্যসূচি নির্ধারণ করতে হবে। জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ও বাস্তবায়ন পরিবীক্ষণ সংক্রান্ত ত্রৈমাসিক প্রতিবেদনসমূহ নৈতিকতা কমিটির সভায় অনুমোদিত হতে হবে বিধায় প্রতি কোয়ার্টারে ন্যূনতম ১টি করে নৈতিকতা কমিটির সভা আহ্বান করতে হবে এবং এর লক্ষ্যমাত্রা ১.১ নম্বর ক্রমিকের ৬ নম্বর কলামে উল্লেখপূর্বক ৮-১১ কলামসমূহে ত্রৈমাসিক ভিত্তিতে উক্ত লক্ষ্যমাত্রা বিভাজন করে প্রদর্শন করে নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগে প্রেরণ করতে হবে।

মূল্যায়ন পদ্ধতি: প্রতি ত্রৈমাসিকে ১টি করে সভা অনুষ্ঠিত হলে পূর্ণ নম্বর পাওয়া যাবে। কোন ত্রৈমাসিকে সভা আয়োজন করা সম্ভব না হলে পরবর্তী সময়ে সভা আয়োজন করা যাবে। তবে, নির্ধারিত ত্রৈমাসিকের সভা পরবর্তী সময়ে আয়োজন করা হলে প্রতিটি সভার বিলম্বের জন্য ০.২৫ করে নম্বর কর্তন হবে।

প্রমাণক: নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী।

১.২ নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন

নৈতিকতা কমিটির সভায় গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নের হার নির্ধারণ করতে হবে এবং এর লক্ষ্যমাত্রা ১.২ নম্বর ক্রমিকে উল্লেখ করতে হবে। এক্ষেত্রে প্রতি কোয়ার্টারে অনুষ্ঠেয় নৈতিকতা কমিটির সভায় গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নের হার পৃথকভাবে প্রতি কোয়ার্টারে (৮-১১ কলামসমূহে) উল্লেখ করতে হবে। কোন সিদ্ধান্ত বাস্তবায়ন করা সম্ভব না হলে তার যৌক্তিক কারণ উল্লেখ করে নৈতিকতা কমিটির সভাপতি কর্তৃক প্রতিস্বাক্ষরিত প্রতিবেদন দাখিল করতে হবে।